



স্মারক নং- ৩২.০১.০০০০.০০৮.০২.১৯০.২১- ৯২২৭

তারিখ: ০৪/১০/২০২১খ্রি:

বিষয়: ডিজিডি কর্মসূচির আওতায় ২০২১-২০২২ চক্রে এর পরিপত্রের অনুচ্ছেদ নং ৬.১ ও ৬.২ এ বর্ণিত খাদ্য (চাল/পুষ্টি চাল) বিতরণ সংক্রান্ত সময়সূচি অনুযায়ী স্বাস্থ্য বিধি মেনে খাদ্য বিতরণ নিশ্চিত করণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়স্বতন্ত্র মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত দু:স্থ মহিলা উন্নয়ন (ডালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট- ডিজিডি) কর্মসূচির আওতায় ২০২১-২০২২ চক্রে (১ জানুয়ারী ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২২) ডিজিডি উপকারভোগী বাছাই/নির্বাচন, ডিজিডি খাদ্য ও কার্ড বিতরণ সংক্রান্ত পরিপত্রের অনুচ্ছেদ নং ৬.১ ও ৬.২ এ খাদ্য (চাল/পুষ্টি চাল) বিতরণের সময়সূচি নির্ধারণ করা আছে, যা নিম্নরূপ:

ডিজিডি খাদ্য (চাল/পুষ্টিচাল) বিতরণ সংক্রান্ত সময়সূচি:

- ৬.১ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ১৫ হতে ২২ তারিখের মধ্যে প্রতি ইউনিয়নে ওয়ার্ডভিত্তিক খাদ্য (চাল/পুষ্টিচাল) বিতরণের জন্য সুবিধামতো তারিখ নির্ধারণ করে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী খাদ্য বিতরণ নিশ্চিত করবেন।
- ৬.২ সংশ্লিষ্ট ওয়ার্ডের জন্য নির্ধারিত তারিখে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী খাদ্য (চাল/পুষ্টিচাল) বিতরণ করতে হবে:

খাদ্য বিতরণ	সময়	ওয়ার্ড নং	তারিখ	মন্তব্য
১	সকাল ৮:৩০ থেকে ১১:০০টা	১, ২, ৩	১৫ হতে ২২	সংশ্লিষ্ট চেয়ারম্যান ১৫ হতে ২২ তারিখ এর
২	সকাল ১১:৩০ থেকে দুপুর ১:৩০টা	৪, ৫, ৬	তারিখ	মধ্যে সুবিধামতো তারিখ নির্ধারণ করে খাদ্য
৩	বিকাল ২:৩০ থেকে ৫:০০টা	৭, ৮, ৯		বিতরণ নিশ্চিত করবেন।

লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন উপজেলার কোন কোন ইউনিয়ন পরিষদে উক্ত সময়সূচি অনুসরণ করা হচ্ছে না। বর্তমান কোভিড- ১৯ মহামারীর কারণে গণসমাবেশ পরিহার করে স্বাস্থ্য বিধি মেনে খাদ্য বিতরণ সময়সূচি অনুসরণপূর্বক ডিজিডি খাদ্য (চাল/পুষ্টি চাল) বিতরণ করা আবশ্যিক। এ লক্ষ্যে সারাদেশের ৪৯২টি উপজেলার প্রতিটি ইউনিয়নের প্রত্যেকটি ওয়ার্ডে প্রতি মাসের ১৫ হতে ২২ তারিখের মধ্যে (সরকারী ছুটির দিন থাকলে এর পরবর্তী দিন) বর্ণিত সময়সূচি অনুসরণপূর্বক ১০,৪০,০০০ (দশ লক্ষ চল্লিশ হাজার) জন উপকারভোগীর মধ্যে ৩০ (ত্রিশ) কেজির নির্ধারিত বস্তায় খাদ্য (চাল/পুষ্টি চাল) বিতরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রতি ওয়ার্ডের ডিজিডি উপকারভোগী সংখ্যার তারতম্যের ভিত্তিতে খাদ্য বিতরণের নির্ধারিত সময়সীমা কম/বেশী হতে পারে। চলমান ডিজিডি কর্মসূচির ২০২১-২০২২ চক্রে খাদ্য বিতরণ কার্যক্রমের সুষ্ঠু বাস্তবায়ন, স্বচ্ছ ব্যবস্থাপনা এবং গণসমাবেশ পরিহারের লক্ষ্যে এ আদেশ জারী করা হলো।

উপজেলা নির্বাহী অফিসার

উপজেলা-, জেলা-

শারমিন শাহীন
০৪/১০/২১

উপপরিচালক (ডিজিডি)

মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

☎ ০২-৪৮৩১২২৭৭

সদয় জ্ঞাতার্থে অনুলিপি বিতরণ:

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
- ২। অতি: সচিব, উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
- ৩। জেলা প্রশাসক (সকল)
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
(ইহা প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
(ইহা সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জেলা-
- ৭। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
উপজেলা-, জেলা-
- ৮। প্রতিনিধি, বিশ্বখাদ্য কর্মসূচি, ঢাকা।
- ৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
(ইহা মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১০। অফিস কপি।